গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ কর্মপরিকল্পনা অনুযায়ী পুরোদমে এগিয়ে চলেছে। সার্বিক গড় অগ্রগতি ৩০.০৫%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের অগ্রগতি ৪৬.০০%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের অগ্রগতি ২৩.৫০%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ১৯.৮৭%।

### প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ আগস্ট ২০১৯ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ক্রমান্বয়ে নিম্নে প্রদান করা হল:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে মোট ৫২টি অবকাঠামো নির্মাণ করতে হবে। ইতোমধ্যে যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ শেষ হয়েছে তন্মধ্যে অন্যতম হল: Retaining wall, Test track bed, Coach unloading area, Embedded track, Jack pit, Bogie turn table, Underfloor wheel lathe pit, Bogie wash plant, Bogie assemble-disassemble pit, Inspection pit ও Interface pit foundation. যে সকল অবকাঠামোর কাজ চলমান রয়েছে তন্মধ্যে উল্লেখ্যযোগ্য হল: Work shop, Stabling yard ও shed, Operation control centre, Auxiliary sub-station ভবন, Traction sub-station ভবন, কেন্দ্রীয় store, Depot controller অফিস, প্রশাসনিক ভবন, Training center, ডরমেটরী ভবন, মেডিক্যাল সেন্টার, কেন্টিন, Rolling stock maintenance ভবন, Crew booking ভবন, Chief Depot controller ভবন, Effluent Treatment Plant (ETP) ও Sewage Treatment Plant (STP) ও সংযুক্ত ড্রেনেজ লাইন, Storm ড্রেনেজ, পানি ও ফায়ার ফাইটিং লাইন, অভ্যন্তরীন রাস্তা, Duct Bank. ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৫2.০০%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল ও আই-গার্ডার নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৭৬৬টি পাইল ক্যাপ এর মধ্যে ৭০১ টি পাইল ক্যাপ, ৩৯৩টি পিয়ার হেডের মধ্যে ৩৪৮টি পিয়ার হেড এবং ৫,১৪৯টি প্রিকাস্ট সেগম্যান্ট কাস্টিং-এর মধ্যে ৩,৯৪৯ টি প্রিকাস্ট সেগম্যান্ট কাস্টিং নির্মাণ সম্পন্ন হয়েছে। ৫.৮৬ (পাঁচ দশমিক আট ছয়) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। ধারাবাহিকভাবে ভায়াডাক্ট erection এর কাজ এগিয়ে চলছে। যেখানে ভায়াডাক্ট স্থাপন করা হয়েছে সেখানে parapet wall এর নির্মাণ কাজ এগিয়ে চলছে। ০৯টি স্টেশনের sub-structure নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে উত্তরা সেন্টার ও উত্তরা সাউথ স্টেশনের concourse নির্মাণের কাজ চলছে। মেট্রোরেল নির্মাণে স্বাভাবিক পানির প্রবাহ যাতে বাঁধাগ্রস্থ না হয় তা বিবেচনায় ০৫টি long span balance cantilever এর নির্মাণ কাজ অব্যাহত আছে। সার্বিক অগ্রগতি ৫৫.০০%।

- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ২১০টি ট্রায়াল ট্রেঞ্চের মধ্যে ১৫৭টি ট্রায়াল ট্রেঞ্চ সম্পন্ন হয়েছে। ৪৫২টি স্থায়ী বোরড্ পাইলের মধ্যে ৩৫৫টি স্থায়ী বোরড্ পাইল সম্পন্ন হয়েছে। ১০৪টি স্ক্রু পাইল ফাউন্ডেশনের মধ্যে ২৭টি স্ক্রু পাইল ফাউন্ডেশন সম্পন্ন করা হয়েছে। মোট ১০৬টি পাইল ক্যাপ এর মধ্যে ০৭টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। বাস্তব অগ্রগতি ১৩.২৪%।
- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ কাজ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ২৯৮ টি ট্রায়াল ট্রেঞ্চের মধ্যে ২৭৮ টি ট্রায়াল ট্রেঞ্চ সম্পন্ন হয়েছে। ৬৫২টি স্থায়ী বোরড্ পাইলের মধ্যে ৪৭৫ টি স্থায়ী বোরড্ পাইল সম্পন্ন হয়েছে। ১৩৮ টি স্ক্রু পাইল ফাউন্ডেশনের মধ্যে ৭৬ টি স্ক্রু পাইল ফাউন্ডেশন সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ৩০টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে ১৬০টি পিয়ার কলাম এর মধ্যে ১১টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ১৩৬টি পিয়ার হেডের মধ্যে ০২টি পিয়ার হেড সম্পন্ন হয়েছে। বাস্তব অগ্রগতি ১৬.৭৪%।
- **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজের আওতায় Definitive Design সম্পন্ন হয়েছে। High Voltage Feeder Cable স্থাপনের জন্য রুট সার্ভে সম্পন্ন করে ক্যাবল লে-আউট প্লান চূড়ান্ত করা হয়েছে। টঙ্গি ও মানিকনগর গ্রীড সাব স্টেশনে Bay নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। উত্তরা রিসিভিং সাব স্টেশনের (RSS) নির্মাণ কাজ চলছে। উত্তরা রিসিভিং সাব স্টেশন ও টঙ্গি গ্রীড সাব স্টেশনের Bay মার্চ ২০২০ এ চালু করা হবে। রেলপাত, ১৩২ কেভি ও ৩৩ কেভি ক্যাবলস্ সহ অন্যান্য ক্যাবল ইতোমধ্যে উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে। ভায়াডাক্টের উপর রেল লাইন বসানোর এবং আনুসঙ্গিক বৈদ্যুতিক স্থাপনার নির্মাণ কাজ অক্টোবর ২০১৯ মাসে শুরু হবে। Ballast, Turnout এবং Track Fastening System মালামালের Pre-Shipment Inspection (PSI) সম্পন্ন হয়েছে। Scissor Cross-over ও Sleeper Inspection এর জন্য বিভিন্ন দেশে প্রস্তুত আছে। বাস্তব অগ্রগতি ১6.50%।
- **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্টের Definitive Design গত ০১ মে ২০১৮ তারিখ এবং Detailed Design ১৩ মার্চ ২০১৯ তারিখ সম্পন্ন হয়েছে। Bogie নির্মাণের কাজ ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ জাপানে শুরু হয়েছে। যাত্রীবাহী কোচ (কারবডি) নির্মাণের কাজ ১৬ এপ্রিল ২০১৯ তারিখ জাপানে শুরু করা হয়েছে। আগামি ১৫ জুন ২০২০ তারিখ প্রথম মেট্রো ট্রেন সেট বাংলাদেশে পৌঁছার জন্য নির্ধারিত আছে। মেট্রো ট্রেন বাংলাদেশে পৌঁছানোর পর Integrated Test এবং Trail Run শুরু করা হবে। বাস্তব অগ্রগতি ১৫.১০%।